

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

আরবান প্ল্যানিং

www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩৭

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮

১২ এপ্রিল ২০২২

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সাইট অনুযায়ী ‘শেখ কামাল কনভেনশন হল’ নির্মাণার্থে মোট ১.১০৯৩ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে

সূত্র: ১. রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারকঃ ৪৬.১২.০০০০.০০৬.১৪.২২৫.২০২০.৫২৭

তারিখঃ ০৮/০৩/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সাইট অনুযায়ী ‘শেখ কামাল কনভেনশন হল’ নির্মাণার্থে মোট ১.১০৯৩ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।

প্রস্তাবিত সংশোধিত ভূমির তফসিল নিম্নরূপঃ

জেলাঃ রাজশাহী থানাঃ বোয়ালিয়া, মৌজাঃ তেরখাদিয়া, জে, এল, নং-৭৮

ক্র.নং	আর,এস,দাগ নং	আর, এস, খতিয়ান নং	শ্রেণী	ভূমির পরিমাণ (একর)
১	১৮০	৩২	ধানী	০.০৬০০
২	১৮১	১৪৭	ভিটা	০.০২৭০ (আংশিক)
৩	১৮২	৩২	পুকুর	০.২৮১০ (আংশিক)
৪	১৮৮	৮৫	ভিটা	০.২১৮২
৫	১৮৯	৮	ভিটা	০.২০৫৮
৬	১৯০	৮৪	ভিটা	০.২৪০০
৭	১৯১	১৩	ভিটা	০.০৭৭৩
			সর্বমোট	১.১০৯৩

সরজমিনে পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে দুইটি সেড ঘর, একটি এক তলা পাকা আবাসিক ভবন, এবং কিছু ফলজ বৃক্ষ বিদ্যমান। সাইটের চৌহদ্দির উত্তরে প্রস্তাবিত সাইট ঘেষে রাস্তা এবং আবাসিক ভবন বিদ্যমান এবং দক্ষিণে ভিক্টোরিয়া কনভেনশন হাওল রেস্টুরেন্ট ও আবাসিক ভবন বিদ্যমান। পূর্বে “বন্ধগেট হতে সিটি হাট বাইপাস সড়ক” ও এবং পশ্চিমে একটি আম বাগান ও আবাসিক এলাকা বিদ্যমান। এছাড়াও ১৮২ নং দাগের (অংশ বিশেষ যা প্রস্তাবিত সাইটের অন্তর্গত) রেকর্ডীয় শ্রেণী এবং RMDP (2004-2024) এর “বিদ্যমান” ভূমি ব্যবহারে যথাক্রমে পুকুর এবং Water Body উল্লেখ করা হলেও বাস্তবে একানে জলাশয়ের কোন অস্তিত্ব পাওয়া যায়নি অর্থাৎ উক্ত জলাশয়টি ভরাট করে ফেলা হয়েছে। Metropolitan Development Plan RMDP (2004-2024) পর্যালোচনা করে দেখা যায়, প্রস্তাবিত ভূমির বিদ্যমান ভূমি ব্যবহার হিসেবে Agriculture, Residential/Homestead এবং Water body এবং Water Body ও প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে Mixed Use এবং Residential/Homestead হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সাইট অনুযায়ী ‘শেখ কামাল কনভেনশন হল’ নির্মাণার্থে বোয়ালিয়া উপজেলার তেরখাদিয়া মৌজার প্রস্তাবিত দাগে সরজমিনে পরিদর্শন প্রতিবেদন, Rajshahi Metropolitan Development Plan RMDP (2004-2024) পর্যালোচনা এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত মোট ১.১০৯৩ একর জমি অধিগ্রহণের জন্য নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

### শর্তাবলী


১। প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন/বিধিমালা/নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে

- ২। RMDP (2004-2024) এর “বিদ্যমান ভূমি ব্যবহার” এর সংশ্লিষ্ট আরএস খতিয়ানে বর্ণিত তথ্যানুসারে ১৮২ নং দাগের (অংশ বিশেষ যা প্রস্তাবিত সাইটের অন্তর্গত) ভূমি ব্যবহারের কোন পরিবর্তন করা যাবে না (উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এর দারা ৫)
- ৩। প্রস্তাবিত সাইটের পূর্ব পাশে বিদ্যমান “বন্ধগেট হতে সিটি হাট বাইপাস সড়ক” যদি ভবিষ্যতে প্রশস্তকরণের প্রয়োজন হয় সে লক্ষ্যে প্রস্তাবিত সাইটের অভ্যন্তরের দিকে ন্যূনতম এক লেন সমপরিমাণে জায়গা সংরক্ষণ করে স্থাপনা নির্মাণ করতে হবে এবং
- ৪। উক্ত সাইট সংলগ্ন রাস্তায় কোন অবস্থাতেই যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি রাজশাহী সিটি কর্পোরেশনের “রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পে সাইট অনুযায়ী ‘শেখ কামাল কনভেনশন হল’ নির্মাণার্থে প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

#### সংযুক্তি:

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. প্রস্তাবিত ভূমির সাইট প্ল্যান
০৩. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার বিদ্যমান ভূমি ব্যবহার ম্যাপ
০৪. RMDP অনুযায়ী প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ
০৫. প্রস্তাবিত এলাকার Google Map



১৩-৪-২০২২

মো: মাহমুদ হোসেন  
সিনিয়র প্ল্যানার

এ.বি.এম. শরীফ উদ্দিন, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি  
কর্পোরেশন  
পূর্ত বিভাগ, নগর ভবন, রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.৩৭/১(৫)

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮  
১২ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



১৩-৪-২০২২

মোহসিনাত নাসরিন  
প্ল্যানার